

External Affairs Minister and Foreign Minister of UAE Co-Chair 13th India-UAE JCM

August 17, 2020

ভারতের বিদেশ মন্ত্রী এবং ইউএই-র বিদেশমন্ত্রী যুগ্মভাবে 13 তম ভারত-ইউএই জেসিএম-এর সভাপতিত্ব করেছেন
অগস্ট 17, 2020

ভারত-ইউএই-র বাণিজ্যিক, অর্থনৈতিক এবং প্রযুক্তিগত সহযোগিতার 13তম জয়েন্ট কমিশন মীটিং 17 ই অগস্ট 2020 তারিখে ভারুয়ালি অনুষ্ঠিত হয়েছে। যুগ্মভাবে বৈঠকের সভাপতিত্ব করেন ভারতের মহামান্য বিদেশ মন্ত্রী ড. সুরাঞ্জনীয়ম জয়শংকর এবং সংযুক্ত আরব আমিরশাহীর বিদেশ এবং আন্তর্জাতিক সহযোগিতা মন্ত্রী হিজ হাইনেস আবদুল্লা বিন জায়েদ নাহ্যান।

13 অগস্ট 2020 তারিখে মহামান্য সঞ্জয় ভটাচার্য, সচিব (কাউন্সেলর, পাসপোর্ট ও ভিসা এবং ভারতের বিদেশ বিষয়ক), ভারতের বিদেশ মন্ত্রক এবং মহামান্য নাসির আল শালি, অর্থনৈতিক এবং বাণিজ্যিক উপমন্ত্রী, সংযুক্ত আরব আমির শাহীর বিদেশ বিষয়ক এবং আন্তর্জাতিক সহযোগিতা মন্ত্রক,-এর মধ্যে বরিষ্ঠ আধিকারিক(এসওএম)বৈঠকও ভারুয়ালি অনুষ্ঠিত হয়েছে।

জেসিএম এবং এসওএম-এর প্রস্তুতি হিসেবে সার্বিক পর্যবেক্ষণ এবং উচ্চস্তরীয় আদান প্রদান; অর্থনৈতিক, বাণিজ্য এবং বিনিয়োগ সহযোগিতা; কন্সুলার এবং কমিউনিটি বিষয়ক সহযোগিতা, সামরিক এবং সুরক্ষা সহযোগিতা; এবং শিক্ষা, সংস্কৃতি ও যুব সহযোগিতার উপরে ভারত এবং ইউএইর পাঁচটি উপ-সমিতির ভারুয়াল বৈঠক 10 এবং 11 ই অগস্ট 2020 তারিখে অনুষ্ঠিত হয়েছিল। বন্ধুত্বপূর্ণ, উন্মুক্ত এবং গঠনমূলক পরিবেশে অনুষ্ঠিত হওয়া বিস্তারিত আলোচনায় দুই কৌশলগত অংশীদারী দেশের মধ্যে দৃঢ় দ্বিপাক্ষিক মৈত্রীর প্রতিফলন ঘটেছে।

দুই দেশের মধ্যে ঘনিষ্ঠ রাজনৈতিক সম্পর্ককে উল্লেখ করে, ব্যাপক কৌশলগত অংশীদারিত্বের প্রতিরোধ ব্যবস্থার মধ্যে পারস্পরিক স্বার্থরক্ষাকারী বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্কের ভরবেগের জীবনীশক্তির উপরে উভয় পক্ষই সন্তোষ প্রকাশ করেছেন। জারি থাকা ক্ষেত্রগুলিতে সহযোগিতাকে মজবুত করা এবং সহযোগিতার নতুন নতুন ক্ষেত্রগুলির অনুসন্ধান করাও পরিবর্তিত সময়কে প্রতিফলিত করে বলে তারা সহমত হয়েছেন।

এই প্রসঙ্গে, COVID-19 অতিমারির বিরুদ্ধে লড়াইয়ে গত কয়েকমাস ধরে ঘনিষ্ঠ সহযোগিতাকে উভয় পক্ষ স্বাগত জানিয়েছে এবং দুই দেশে অতিমারির অর্থনৈতিক ও সামাজিক প্রভাবের ভারসাম্য রক্ষার্থে একটি যৌথ কৌশলের আলোচনা করেছে।

উভয় মন্ত্রীই, ঐক্যমতের একটি ব্যাপক পরিকাঠামোর মাধ্যমে বহুমুখী দ্বিপাক্ষিক সহযোগিতাকে পরিচালিত ও প্রোৎসাহ জারি রাখার জন্য প্রতিষ্ঠানগত পদ্ধতির উন্নতিকে সন্তোষের সাথে উল্লেখ

করেছেন উভয় পক্ষ রাষ্ট্রপুঞ্জ তাদের প্রতিবেশিত্ব এবং সহযোগিতা সম্পর্কিত আঞ্চলিক বিষয় সমূহ এবং অন্যান্য বহুপাক্ষিক ফোরামগুলি নিয়েও আলোচনা করেছে।

উভয় দেশের মধ্যে বাণিজ্যিক, অর্থনৈতিক এবং বিনিয়োগে বৃদ্ধির জন্য দুই পক্ষ আশাপূর্ণ মনোভাব ব্যক্ত করেছে। ভারতীয় অর্থনীতির মুখ্য ক্ষেত্রগুলিতে যেমন, সরবরাহ, ফুড পার্ক, রাজপথ, বন্দর, বিমানবন্দর, শক্তির নবীকরণ এবং সামরিক ক্ষেত্র সহ বিভিন্ন পরিকাঠামোতে বিনিয়োগের জন্য ভারতের পক্ষ থেকে ইউএই-কে আমন্ত্রণ জানানো হয়েছে। ইউএই পক্ষ ভারতীয় প্রবাসী গোষ্ঠীর উল্লেখযোগ্য অবদানের জন্য প্রশংসা ব্যক্ত করেছে এবং শক্তি ও খাদ্য নিরাপত্তার সংযোগকে আরো শক্তিশালী করার জন্য ইচ্ছা প্রকাশ করেছে।

উভয় পক্ষ 2021-এ ভারত-ইউএই-র জয়েন্ট কমিশন মীটিং-এর পরবর্তী অধিবেশন আবু ধাবিতে করার জন্য সহমত হয়েছে। দুই তরফের কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে বৈঠকের নির্দিষ্ট দিনস্ফণ চূড়ান্ত করা হবে।

নিউ দিল্লি

অগস্ট 17, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.